# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

## হাদিস নাম্বারঃ ৫৭৯

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ তৃতীয় অনুচ্ছেদ

اَلْفَصْلُ الثَّالِثُ

### আরবী

وَعَن عبد الله بن شَقِيق قَالَ: كَانَ أَصْحَابُ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَا يَرَوْنَ شَيْئًا مِنَ الْأَعْمَالِ تَركه كفر غير الصَّلَاة. رَوَاهُ التِّرْمِذِيّ

### বাংলা

৫৭৯-[১৬] ’আবদুল্লাহ বিন শাক্বীক্ব (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাহাবীগণ সালাত (সালাত/নামায/নামাজ) ছাড়া অন্য কোন ’আমল পরিত্যাগ করাকে কুফরী বলে মনে করতেন না। (তিরমিযী)[1]

### ফুটনোট

[1] সহীহ : তিরমিযী ২৬২২, সহীহ আত্ তারগীব ৫৬৫।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীসের মধ্যে প্রকাশ্য দলীল রয়েছে যে, সাহাবায়ি কিরাম সকলেই এক বাক্যে ফাতাওয়া দিচ্ছেন যে, অলসতাবশত সালাত (সালাত/নামায/নামাজ) ত্যাগ করাও কুফরী। তাছাড়া ইমাম ইবনু হাযম বলছেন যে, অসংখ্য সাহাবায়ি কিরামের পক্ষ হতে ফাতাওয়া পাওয়া গেছে যে, অলসতাবশত সালাত (সালাত/নামায/নামাজ) ত্যাগকারী ব্যক্তি কাফির মুরতাদ।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=55136

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন